



ঢাকা-৮ আসনের প্রার্থী হাদী গুলিবিন্দ, জামায়াত আমিরের উদ্বেগ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র এমপি পদপ্রার্থী শরিফ ওসমান হাদী দুর্বৃত্তদের গুলিতে আহত হয়েছেন। শুক্রবার (১২ ডিসেম্বর) দুপুরে রিকশায় যাত্রাকালে দু'টি মোটরসাইকেলে আসা সশস্ত্র হামলাকারীরা তাকে লক্ষ্য করে গুলি চালায়। রক্তক্ষরণ শুরু হলে সঙ্গে সঙ্গে স্থানীয়রা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যান। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন।

ঘটনার পর নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে গভীর উদ্বেগ প্রকাশ করেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি লিখেন, রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা বা মতভিন্নতার নামে এ ধরনের হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি দ্রুত, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্তের দাবি জানান এবং হাদীর সুস্থতার জন্য দোয়া করেন।

হামলার খবর ছড়িয়ে পড়লে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভিড় করছেন তার সমর্থক ও স্থানীয় বাসিন্দারা। সামাজিক যোগাযোগমাধ্যমেও ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মীরা।